.(591 - 590)



💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজরের পর সালাত আদায় করার ব্যাপারে যে হুশিয়ারী এর দ্বারা সব সময় ও সব ধরণের সালাত উদ্দেশ্য নয়

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِأَنَّ الزَّجْرَ عَنِ الصَّلَاةِ بَعْدَ صَلَاةِ الْغَدَاةِ لَمْ يُرَدْ بِهِ كُلُّ الصَّلَوَاتِ فِي جَمِيعِ الْأَوْقَاتِ

আরবী

1562 ـ أَخْبَرَنَا الْفَضِلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: حَدَّثَنَا يَعْلَى بْنُ عَطَاءٍ عَنْ جَابِرِ بْنِ يَزِيدَ بْنِ الْأَسْوَدِ: عَنْ أَبِيهِ قَالَ: صَلَّى النَّبِيُ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةً فَلَمَّا قَضَى صَلَاتَهُ إِذَا هُوَ بِرَجُلَيْنِ فِي مُوَّخَّرِ النَّاسِ فَأَمَرَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْا)؟ قَالَا: يَا فَجِيءَ بِهِمَا تُرْعَدُ فَرَائِصِهُمَا فَقَالَ لَهُمَا: (مَا حَمَلَكُمَا عَلَى أَنْ لَا تُصَلِّيَا مَعَنْا)؟ قَالَا: يَا نَبِيَّ اللَّهِ صَلَيْنَا فِي رِحَالِنَا ثُمَّ أَقْبَلْنَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا صَلَيْتُمُا فِي نِبِيَّ اللَّهِ صَلَيْنَا فِي رِحَالِنَا ثُمَّ أَقْبَلْنَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا صَلَيْتُمَا فِي رِحَالِنَا ثُمَّ أَقْبَلْنَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا صَلَّيْتُمَا فِي رِحَالِنَا ثُمَّ أَدْرَكُتُمَا الصلاة فصليا فإنهما لكما نافلة) رحالِكُمَا ثُمَّ أَدْركُتُمَا الصلاة فصليا فإنهما لكما نافلة) الراوي : يَزِيد بْنِ الْأَسْوَدِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1562 ا خلاصة حكم المحدث : صحيح - ((صحيح أبى داود))

বাংলা

১৫৬২. ইয়াযিদ বিন আসওয়াদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার এক সালাত আদায় করেন। যখন তিনি সালাত শেষ করেন, তখন তিনি লোকদের পিছনে দুইজন ব্যক্তিকে দেখতে পেলেন। অতঃপর তিনি তাদেরকে ডেকে আনার নির্দেশ দিলেন ফলে তাদেরকে আনা হয় এমন অবস্থায় যে, ভয়ে তাদের শরীর কাঁপতেছিল। তিনি তাদের বলেন, "তোমাদের কিসে উদ্বুদ্ধ করেছে যে, তোমরা আমাদের সাথে সালাত আদায় করনি?" জবাবে তারা বললেন, "হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা আমাদের মালপত্রের জায়গায় সালাত আদায় করে এসেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,



"যখন তোমরা মালপত্রের জায়গায় সালাত আদায় করবে, তারপর সালাত আদায় করতে দেখতে পাও, তবে আবার সালাত আদায় করবে। কেননা এটি তোমাদের জন্য নফল হিসেবে গণ্য হবে।"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ১২৪৭; আবূ দাউদ: ৫৭৫; তাহাবী: ১/৩৬৩; দারাকুতনী: ১/৪১৩; তাবারানী: ২২/৬১০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৯৩৪; মুসনাদ আহমাদ: ৪/১৬০; তিরমিযী: ২১৯; নাসাঈ: ২/১১২-১১৩; হাকিম: ১/২৪৪-২৪৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১২৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়াযিদ বিন আসওয়াদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন